

الْمُنْتَقِم

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম 'আসমাউল হুসনার' ৮১ তম নাম 'الْمُنْتَقِم' আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় 'الْمُنْتَقِم' শব্দের মূল م - ق - ن, এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ১৭ বার এসেছে। প্রতিশোধ, ক্রোধ-ঘৃণার ইত্যাদি অনুভব করা, ক্ষতিকর মনে করা, তীব্র বিরক্তি প্রকাশ করা, শাস্তিদাতা ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْمُنْتَقِم অর্থ: 'তিনি শাস্তিদাতা'।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

﴿۲۲﴾ وَمَنْ أَظْلَمُ مِمَّنْ ذُكِّرَ بِآيَاتِ رَبِّهِ ثُمَّ أَعْرَضَ عَنْهَا إِنَّا مِنَ الْمُجْرِمِينَ مُنْتَقِمُونَ

ঐ ব্যক্তির চাইতে বড় যালিম আর কে, যাকে বারবার তার প্রভুর আয়াত স্মরণ করিয়ে দেয়া হয়েছে, তারপরও সে তা উপেক্ষা করে চলেছে। আমরা অবশ্যই অপরাধীদের থেকে প্রতিশোধ নেবো। (সূরা আস সাজদা: আয়াত নং ২২)

﴿۴۱﴾ فَأَمَّا نَذُفَبْنَّ بِكَ فَإِنَّا مِنْهُمْ مُنْتَقِمُونَ

আমরা যদি তোমাকে নিয়ে যাই, তবু তাদের থেকে প্রতিশোধ নেবো। (সূরা আয্ যুখরুফ: আয়াত নং ৪১)

﴿۱۶﴾ يَوْمَ نَبْطِشُ الْبَطْشَةَ الْكُبْرَىٰ إِنَّا مُنْتَقِمُونَ

যেদিন আমরা তোমাদের প্রবলভাবে পাকড়াও করবো, সেদিন অবশ্যই আমরা তোমাদের থেকে প্রতিশোধ নেবো। (সূরা আদ দুখান: আয়াত নং ১৬)

বুখারী শরীফের হাদীস:

রাসুল সাঃ একবার তার পিছনে শোরগোল এবং উটের উপর জোরে জোরে আঘাত করার শব্দ শুনে পেলেন। তিনি চোখের ইশারা করলেন এবং বললেন: তোমরা শান্ত হও। ত্বরান্বিত করা ধার্মিকতা ন্যায়পরায়ণতা নয়।

সুতরাং, প্রিয় ভাই ও বোনেরা, আল্লাহর পাকড়াও ও প্রতিশোধ গ্রহণ থেকে আমাদের বাঁচার চেষ্টা করা উচিত। দুনিয়াতে আল্লাহ ও তাঁর রাসূলের নির্দেশ মোতাবেক চলার মাধ্যমেই আমরা আল্লাহর পাকড়াও ও প্রতিশোধ গ্রহণ থেকে বেঁচে থাকতে পারব। আল্লাহ আমাদেরকে শিরকমুক্ত ভাবে তাঁর নির্দেশ মোতাবেক জীবন যাপন করার তৌফিক দান করুন। যাতে করে আমরা তাঁর পাকড়াও ও প্রতিশোধ গ্রহণ থেকে বাঁচতে পারি।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবরাকাতুহা।